

নং-০৫.৪২.১২০০.০১০.১১.০০৫.১৯-৬০২

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬  
১০ জুন ২০১৯

**আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি**

ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নিম্নলিখিত পদে সাকুল্য বেতনে আউট সোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা	অন্যান্য
০১	প্রসেস সার্ভার	১	১৮-৬০	৮ম শ্রেণি পাস (বাংলাদেশী নাগরিক)	
০২	অফিস সহায়ক	১	১৮-৬০	এস,এস,সি পাস (বাংলাদেশী নাগরিক)	
০৩	নিরাপত্তা প্রহরী	২	১৮-৬০	৮ম শ্রেণি পাস (বাংলাদেশী নাগরিক)	
০৪	পরিচ্ছন্নতাকর্মী	১	১৮-৬০	৮ম শ্রেণি পাস (বাংলাদেশী নাগরিক)	

১। আত্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকুল্য বেতন (গ্রেডভিত্তিক)	সর্বমোট (১২ মাসের)
প্রসেস সার্ভার(গ্রেড-১৯)				
অফিস সহায়ক(গ্রেড-২০)				
নিরাপত্তা প্রহরী(গ্রেড-২০)				
পরিচ্ছন্নতাকর্মী(গ্রেড-২০)				

২। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে চুক্তি হবে না বা কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

৩। নিয়োজিত কর্মচারীগণ বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৪। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণ যোগ্য হবে।

৫। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতন নির্ধারিত হবে।

৬। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০১৮-১৯ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্ত করণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৭। নিয়োজিত কর্মচারীগণকে প্রয়োজনে ছুটির দিনে বা সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে। তবে এ জন্য অতিরিক্ত মূল্য/অর্থ দাবী করা যাবে না।

৮। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর লাইসেন্সধারী হতে হবে।

৯। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

১০। নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।

১১। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১(এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১২। নিয়োজিত কর্মচারীগণকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

১৩। নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ৩০০(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে।

১৪। আত্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণ পূর্বক আগামী ২৫/০৬/২০১৯ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে সীলমোহরকৃত খামে প্রতিটি পদের ০১(এক)মাসের ও ১২(বার)মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ ও ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে (নেজারত শাখায়) সংরক্ষিত দরপত্র বাস্তব দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখ বেলা ১.০০ টার সময় দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।


১৫। যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার এবং শূণ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নয়।

১৬। নিয়োজিত কর্মচারীদের প্রতিস্থাপন প্রয়োজন হলে সরবরাহকারী প্রতিষ্ঠান প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে। তবে কোন জনবল কাজ করে দক্ষতা অর্জন করলে তাকে প্রতিস্থাপনের ক্ষেত্রে অফিসের সম্মতি নিতে হবে।



(হায়াত -উদ-দৌলা খাঁন)

জেলাপ্রশাসক  
ব্রাহ্মণবাড়িয়া।

 ০৮৫১-৫৭৭১২

email: dcbrahmanbaria@mopa.gov.bd

নং-০৫.৪২.১২০০.০১০.১১.০০৫.১৮-৬০২/১(১০০)

তারিখ:

২৭ জ্যৈষ্ঠ ১৪২৬


১০ জুন ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে :

৩. জেলাপ্রশাসক.....(সকল)
৪. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
৬. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
৭. মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া।
৮. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
৯. সহকারী কমিশনার(ভূমি).....(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ✓ ১০. সহকারী কমিশনার (আইসিটি), জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। বিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ করা হলো।
- ১১। জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
- ১২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যায় যায় দিন, তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা। উক্ত বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় ১৫/০৬/২০১৯ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ১৩। বিজ্ঞাপন ম্যানেজার, দি এশিয়ান এজ, এস আর টাওয়ার (২য় ও ৩য় তলা), ৪৯ পুরাতন বিমানবন্দর সড়ক, তেজগাঁও, ঢাকা। উক্ত বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় ১৫/০৬/২০১৯ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ১৪। নোটিশ বোর্ড।



জেলাপ্রশাসক  
ব্রাহ্মণবাড়িয়া।

১০/৬/১৯